

৩৫

## বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচী ॥ বিজয়ীদের পুরস্কার প্রদান শুরু

স্টাফ রিপোর্টার ॥ আলোকিত মানব তৈরির জন্য বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচীর বিজয়ী সাড়ে পাঁচ হাজার শিক্ষার্থীর মধ্যে শুক্রবার পুরস্কার বিতরণ শুরু হয়েছে। রাজধানীর বিভিন্ন স্কুল থেকে ২৫ হাজার ছাত্রছাত্রী ওই প্রতিযোগিতায় অংশ নেন। ৬১টি স্কুলের সাড়ে পাঁচ হাজার কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ শেষ হবে আজ শনিবার। চারুকলা ইনস্টিটিউটের বকুলতলায় প্রথম দিনের পুরস্কার বিতরণ অনুষ্ঠান উদ্বোধন করেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আবদুল্লাহ আবু সায়ীদ। ওই অনুষ্ঠান স্পর্শ করে প্রামাণ্যফোন ডিভিস। পুরস্কার হিসাবে বই প্রদান করে ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড।

উদ্বোধন অনুষ্ঠানে আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, জ্ঞান অর্জন করতে হলে পাঠ্য বইয়ের বাইরের বই পড়তে হবে। তিনি এ সময় ছাত্রছাত্রীদের উদ্দেশে বিভিন্ন উপদেশ দেন। সেখানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর লুৎফর রহমান সরকার, অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল, সিঙ্গার বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান মাহবুব জামিল, স্থপতি ইনস্টিটিউটের সভাপতি স্থপতি মোবাস্শের হোসেন, রিহাবের সভাপতি আব্দুল আউয়াল, প্রামাণ্যফোনের ভারপ্রাপ্ত পরিচালক (বিপণন) গালিব আহমেদ আনসারী, ডেলটা লাইফ ইন্স্যুরেন্স

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## বিশ্বসাহিত্য কেন্দ্রের বই

(১২-এর পাতার পর)

কোম্পানির ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর এবিএম সাইফুল মাসুদ প্রমুখ।

প্রথম পর্বে স্বাগত পুরস্কার দেয়া হয় ৬২৩ জনকে, শুভেচ্ছা পুরস্কার পায় ৬৫২ শিক্ষার্থী, অভিনন্দন পুরস্কার দেয়া হয় ৪৩০ জন এবং বিসাকে পুরস্কার দেয়া হয় ২০৭ ছাত্রছাত্রীকে। দ্বিতীয় পর্বে স্বাগত পুরস্কার ৭২৮, শুভেচ্ছা পুরস্কার ৫৩৫, অভিনন্দন পুরস্কার ২৯০ ও বিসাকে পুরস্কার ১৮৫ জন শিক্ষার্থীর হাতে তুলে দেয়া হয়। তৃতীয় পর্বের পুরস্কার আজ শনিবার দুপুর ৩টায় দেয়া হবে একই স্থানে। পুরস্কার হিসাবে দেয়া হয়েছে বই। পুরস্কার প্রদান অনুষ্ঠানে অভিভাবক, ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকার মিলনমেলা ঘটে চারুকলা ইনস্টিটিউটের বকুলতলায়।